

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৯০(আগরতলা, ১৪।৬)
উদয়পুর, ১৪ জুন ২০১৮

মাতাবাড়ি ব্লকে মৎস্যচাষীদের কুনিজাল বিতরণ

মৎস্য দপ্তরের উদ্যোগে গতকাল মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির সভাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে মৎস্যচাষীদের কুনি জাল বিতরণ করা হয়। বিশেষ কেন্দ্রীয় সহায়তা প্রকল্পে এই সহায়তা দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ২ লক্ষ ৩৭ হাজার ৭৭৬ টাকা। অনুষ্ঠানে বিধায়ক বিপ্লব কুমার ঘোষ বলেন, মাছ চাষের মাধ্যমে মৎস্যচাষীদের স্বয়ম্ভরতা অর্জনে গুরুত্ব দিতে হবে। অনুষ্ঠানে মৎস্য দপ্তরের মৎস্য তত্ত্বাবধায়ক টিকেন্দ্রজিৎ জমাতিয়া সহ দপ্তরের অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।
